**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 23-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-35 AM** **Compiling : Shuvra C./ Indranil M.**
**DEO : KB** **NR : Shuvra C**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতায় গতকাল কলকাতায় তিনটি নতুন মেট্রো রেল পথের সূচনা সহ ৫ হাজার ২০০ কোটি টাকার বেশি মূল্যের উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।

২/ কেন্দ্রীয় সরকারের জনকল্যাণমূলক প্রকল্পগুলির সুবিধা পাওয়ার থেকে এ রাজ্যের মানুষ বঞ্চিত হচ্ছে বলে প্রধানমন্ত্রী অভিযোগ করেছেন।

৩/ স্নাতক স্তরের কেন্দ্রীয় অনলাইন ভর্তির পোর্টালে প্রথম মেধা তালিকা গতকাল প্রকাশিত হয়েছে।

৪/ সারা দেশে আজ ‘জাতীয় মহাকাশ দিবস’ উদযাপিত হচ্ছে ।

৫ একটানা বৃষ্টিতে বিপর্যস্ত রাজ্যের বিভিন্ন জেলা, জলমগ্ন দক্ষিণ ২৪ পরগণার একাধিক এলাকা।

৬/ ১৩৪-তম ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে আজ কলকাতায়, ডায়মন্ড হারবার FC, গতবারের বিজয়ী নর্থ-ইস্ট ইউনাইটেড FC-র মুখোমুখি হবে।

****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কলকাতায় গতকাল তিনটি নতুন মেট্রো রেল পথের সূচনা সহ ৫ হাজার ২০০ কোটি টাকার বেশি মূল্যের উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। যশোর রোড মেট্রো স্টেশন থেকে তিনি ইস্ট-ওয়েস্ট মেট্রো রুটে শিয়ালদা থেকে ধর্মতলা, গড়িয়া–বিমানবন্দর মেট্রো রুটে বেলেঘাটা থেকে হেমন্ত মুখোপাধ্যায় এবং নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমানবন্দরের মধ্যে সংযোগকারী নতুন রেলপথের সূচনা করেন। সঙ্গে ছিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার ও শান্তনু ঠাকুর, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ অন্যরা। প্রধানমন্ত্রীর উদ্বোধনের পর গতকাল সন্ধ্যে ৬ টায়  হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভের মধ্যে বাণিজ্যিকভাবে ট্রেন পরিষেবা শুরু হয়।

প্রধানমন্ত্রী  যশোর রোড মেট্রো স্টেশন থেকে জয়হিন্দ বিমান বন্দর মেট্রো স্টেশন পর্যন্ত  ও ফিরতি পথে জয়হিন্দ বিমান বন্দর থেকে যশোর রোড পর্যন্ত মেট্রো পথে সফরের পর তিনি রাজ্যের উন্নয়ন প্রসঙ্গে বলেন, প্রতিরক্ষা সরঞ্জাম তৈরীতে দেশের অগ্রগতির পথে সামিল এরাজ্য'ও।

(বাইট- PM ডিফেন্স কারখানা )

যশোর রোড মেট্রো স্টেশন থেকে সড়ক পথে তিনি দমদম সেন্ট্রাল জেলের মাঠ পর্যন্ত আসেন। বিজেপির 'বিজয় সংকল্প সভা' থেকে প্রধানমন্ত্রী বলেন, অবৈধ অনুপ্রবেশকারীদের কোনও মতেই এই দেশে থাকতে দেওয়া হবে না। তৃণমূল কংগ্রেস সহ ইন্ডি জোটের তোষণের জন্য অনুপ্রবেশকারীদের উৎসাহ দেওয়ার ফলে দেশের জনবিন্যাস বদলে যাচ্ছে বলে'ও তিনি অভিযোগ করেন।

শ্রী মোদি বলেন, বিজেপি বাংলার উন্নয়ন চায়। পশ্চিমবঙ্গের বিকাশের জন্য যে টাকা কেন্দ্র পাঠায়, তা লুঠ হয়ে যাচ্ছে বলে তিনি অভিযোগ করেন। গরিব কল্যাণে পাঠানো টাকা টিএমসি ক্যাডারদের পিছনে খরচ হচ্ছে। এ রাজ্য কেন্দ্রীয় সরকারের কল্যাণমূলক প্রকল্পগুলির সুবিধ পাওয়ার থেকে বঞ্চিত হচ্ছে বলেও তাঁর অভিযোগ। এরাজ্যের ছেলেমেয়েরা যাতে এখানেই কাজ পায়, তার জন্য রাজ্য সরকারের সচেষ্ট হওয়া উচিত। এরাজ্যে বিজেপি ক্ষমতায় এলেই একমাত্র প্রকৃত পরিবর্তন সম্ভব বলে তিনি মন্তব্য করেন।

( বাইট- PM WB পরিবর্তন )

এ প্রসঙ্গে তিনি বলেন, আসাম ও ত্রিপুরায় একইভাবে গরিবদের জন্য পাঠানো টাকা নয়ছয় হত। কিন্তু বিজেপি ক্ষমতায় আসার পর দুই রাজ্যেই উন্নয়নে জোয়ার এসেছে। পশ্চিমবঙ্গে বিজেপি সরকার ক্ষমতায় এলে বিকাশ হবেই বলে মন্তব্য করে তিনি বলেন, বিকশিত বাংলা/মোদির গ্যারান্টি। বাংলার উদয়, বিকশিত ভারতের জয়।

সংসদে সাম্প্রতিক সংবিধান সংশোধনী বিল প্রসঙ্গে বলতে গিয়ে শ্রী মোদি মন্তব্য করেন, তৃণমূল কংগ্রেস, এর বিরুদ্ধে খুবই সোচ্চার হয়েছে, কারণ তাঁরা দুর্নীতিতে ডুবে রয়েছে। তিনি প্রশ্ন তোলেন, একজন সরকারি কর্মচারী যদি ৫০ ঘণ্টা হেফাজতে থাকে তাহলে তাঁকে শাস্তি পেতে হয়। কিন্তু মন্ত্রীদের ক্ষেত্রে সে রকম কিছু কেন হয় না। প্রধানমন্ত্রী বলেন, শিক্ষামন্ত্রীর বাড়ি থেকে কোটি কোটি টাকা উদ্ধার হয়েছে, তবু তিনি মন্ত্রিত্ব ছাড়েননি। আরেক মন্ত্রী রেশন দুর্নীতিতে জড়িত, তিনিও জেলে থেকেই মন্ত্রিত্ব চালাতে চেয়েছিলেন। পাশাপাশি দুর্নীতিবাজ, অপরাধীরা জেলে যাবেন বলেও তিনি মন্তব্য করেন। **দমদম সেন্ট্রাল জেল ময়দানে এক জনসভায় এদিন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, প্রাক্তন সভাপতি রাহুল সিন্‌হা প্রমুখ।**

*************************

কলকাতা মেট্রোর অরেঞ্জ লাইনে কবি সুভাষ থেকে বেলেঘাটা এবং ইয়েলো লাইনে নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমান বন্দর এর মধ্যে পরিষেবা আগামী সোমবার থেকে শুরু হচ্ছে। কবি সুভাষ-বেলেঘাটার মধ্যে ৩০ টি আপ ও ৩০ টি ডাউন সহ মোট ৬০ টি ট্রেন পরিষেবা ২৫ মিনিট অন্তর সোম থেকে শুক্রবার পর্যন্ত প্রতিদিন পাওয়া যাবে। কবি সুভাষ এবং বেলেঘাটা থেকে সকাল ৮ টায় প্রথম ট্রেন এবং রাত ৮ টা ৫ মিনিটে শেষ ট্রেন পরিষেবা পাওয়া যাবে।

*************************

স্নাতকস্তরে কেন্দ্রীয় অনলাইন ভর্তির পোর্টালে প্রথম মেধা তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। আইনি জটিলতায় মেধা তালিকা প্রকাশ আটকে ছিল। ১৭টি বিশ্ববিদ্যালয়ের অধীন ৪৬০টি কলেজের বিভিন্ন বিষয়ের মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, মোট ৩ লক্ষ ৯ হাজার ৬৬৭ জন বৈধ আবেদনকারীকে তাদের

পছন্দের ভিত্তিতে ৭ হাজার ২৩২টি বিষয়ের ৪ লক্ষ ২ হাজার ৫৫৭টি আসন প্রাথমিক তালিকায় বন্টন করা হয়েছে। এই মেধা তালিকার ভিত্তিতে গতকাল থেকেই কলেজগুলিতে অনলাইনে ভর্তি চালু হয়ে গেছে। প্রথম দফায় ২৫ আগস্ট পর্যন্ত অনলাইন ভর্তি প্রক্রিয়া চলবে। স্নাতকস্তরে নতুন পথ চলা শুরুর সন্ধিক্ষণে সকল ছাত্রছাত্রীকে অভিনন্দন জানিয়েছেন শিক্ষা মন্ত্রী।

**************************

দীর্ঘ আইনি জটিলতার পর গতকাল রাজ্য জয়েন্টের ফল প্রকাশিত হয়েছে। প্রথম হয়েছেন কলকাতার ডন বস্কো স্কুলের অনিরুদ্ধ চক্রবর্তী। দ্বিতীয় স্থানে রয়েছেন নদিয়ার কল্যাণী সেন্ট্রাল মডেল স্কুলের সাম্যজ্যোতি বিশ্বাস এবং তৃতীয় স্থানে কলকাতার রুবি পার্ক দিল্লি পাবলিক স্কুলের দিশান্ত বসু।

পরীক্ষা হয় ২৭ এপ্রিল। ৫ জুন জয়েন্ট এন্ট্রান্সের ফল প্রকাশের প্রস্তুতি সেরে ফেলেছিল বোর্ড। তার পরেই আদালতে OBC সংরক্ষণ মামলা নিয়ে জটিলতার সৃষ্টি হয়।

এদিকে, আইনি জটে রাজ্য জয়েন্ট এন্ট্রান্সের ফলাফল দেরিতে প্রকাশিত হওয়ায় কারো যাতে অসুবিধা না হয়, তা দেখা হবে বলে আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি জানান, আইনি জটিলতার কারণে ফল প্রকাশের জন্য অপেক্ষা করতে বাধ্য হয়েছে সরকার। এর জন্য দুঃখ প্রকাশ করেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন, এটা সরকারের ইচ্ছাকৃত নয়।

অন্যদিকে, CPIM নেতা সুজন চক্রবর্তী বলেন, জয়েন্টের ফল প্রকাশে কোনো স্থগিতাদেশ না থাকলেও এতো দেরীতে ফল প্রকাশের দায় সম্পূর্ণভাবে রাজ্য সরকারের। কলেজে ভর্তি প্রসঙ্গে তিনি বলেন, এরাজ্যের ছাত্র-ছাত্রীদের সরকার ইচ্ছাকৃতভাবে প্রাইভেট কলেজে ভর্তি হতে বাধ্য করেছে।

**************************

স্নাতকস্তরে কেন্দ্রীয় অনলাইন ভর্তির পোর্টালে প্রথম মেধা তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। আইনি জটিলতায় মেধা তালিকা প্রকাশ আটকে ছিল। ১৭টি বিশ্ববিদ্যালয়ের অধীন ৪৬০টি কলেজের বিভিন্ন বিষয়ের মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। শিক্ষামন্ত্রী

ব্রাত্য বসু জানিয়েছেন, মোট ৩ লক্ষ ৯ হাজার ৬৬৭ জন বৈধ আবেদনকারীকে তাদের পছন্দের ভিত্তিতে ৭২৩২টি বিষয়ের ৪ লক্ষ ২ হাজার ৫৫৭টি আসন প্রাথমিক তালিকায় বন্টন করা হয়েছে। এই মেধা তালিকার ভিত্তিতে গতকাল থেকেই কলেজগুলিতে অনলাইনে ভর্তি চালু হয়ে গেছে। প্রথম দফায় ২৫ আগস্ট পর্যন্ত অনলাইন ভর্তি প্রক্রিয়া চলবে। স্নাতকস্তরে নতুন পথ চলা শুরুর সন্ধিক্ষণে সকল ছাত্রছাত্রীকে অভিনন্দন জানিয়েছেন শিক্ষা মন্ত্রী।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*************************

সারা দেশে আজ (২৩.০৮.২৫) জাতীয় মহাকাশ দিবস উদযাপিত হচ্ছে। ইসরো দিল্লির ভারত মন্ডপমে মূল অনুষ্ঠানটির আয়োজন করেছে। ইতোমধ্যেই গতকাল ইসরো ভারতের প্রথম স্পেস স্টেশনের মডিউল উন্মোচন করেছে। রাশিয়া, আমেরিকা এবং চীনের পর চতুর্থ দেশ হিসেবে ভারত নিজেদের স্পেস স্টেশন তৈরি করে নজির গড়তে চলেছে। মহাকাশ বিজ্ঞানে গত কয়েক বছরের সাফল্য নতুন দিশা দেখাচ্ছে ভারতকে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন নাহার )

************************

কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলা একটানা বৃষ্টিতে বিপর্যস্ত। কলকাতায় গতরাত থেকেই চলছে মাঝারি থেকে ভারি বর্ষণ।

টানা বর্ষণে **বর্ধমানের** বিভিন্ন এলাকায় জল জমার খবর পাওয়া গেছে। তেঁতুলতলা বাজার, খোস বাগান, বাবুরবাগ সহ বিভিন্ন এলাকায় হাঁটুসমান জল।

টানা দুর্যোগে বিপর্যস্ত **দক্ষিণ ২৪ পরগণা,** ভারী বৃষ্টির সঙ্গে ঘণ্টায় ৫০ কিমি বেগে বইছে দমকা বাতাস ।

আমাদের জেলা প্রতিনিধির একটি প্রতিবেদন- ( ভিসি- গৌতম)

************************

পূর্ব মেদিনীপুরের কাঁথির সাবাজপুটে গতকাল বিকালে একটি ধান বোঝাই লরি উল্টে তিনজনের মৃত্যু হয়েছে। ক্রেনের সাহায্যে রাতে লরিটিকে পুকুর থেকে তোলা হয়। আহত আটজনকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তিনজনকে মৃত বলে ঘোষনা করেন। এরা সকলেই রামনগর থানার বাসিন্দা। বাকিদের চিকিৎসা চলছে।

************************

১৩৪-তম ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে আজ কলকাতায় ডায়মন্ড হারবার এফ সি, গতবারের বিজয়ী নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি-র মুখোমুখি হবে। এবারই প্রথম ডুরান্ড কাপে অংশ নিয়ে ডায়মন্ড হারবার এফ সি খেতাব জয়ের লক্ষ্যে মাঠে নামবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে পাঁচটায়। সেমিফাইনালে ডায়মন্ড হারবার এফ সি ২-১ গোলে ইস্টবেঙ্গলকে পরাজিত করেছে। অন্যদিক নর্থ ইস্ট ইউনাইটেড ১-০ গোলে শিলং লাজং এফ সি-র বিরূদ্ধে জয়ী হয়েছিল।

************************************************************************